# এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির
# ৫ম সভার কার্যবিবরণী
# ২২/২২ খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ৫ম (পঞ্চম) সভা গত ৩০ মার্চ, ২০২০ তারিখে অনুষ্ঠিত হবার কথা থাকলেও করোনা জনিত কারণে দেশব্যাপি সাধারণ ছুটি ঘোষিত হলে তা সে সময়ে অনুষ্ঠিত হতে পারেনি। সাধারণ ছুটি শেষ হবার অব্যবহিত পরে গত ০৭ জুন তারিখ অপরাহ্ন ৩:০০ ঘটিকায় সংস্থার প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে তা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন। নৈতিকতা কমিটির নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১. | এ জেড এম সাখাওয়াত হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক | আহ্বায়ক |
| ২. | মো: গোলাম ফারুখ<br>পরিচালক (কর্মসুচী বাস্তবায়ন ও মান উন্নয়ন) | সদস্য |
| ৩. | মো: মাহবুবুল আলম<br>পরিচালক (অর্থ ও ক্রয়) | সদস্য |
| ৪. | মো: ইশতিয়াক মাহমুদ<br>মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট |
| ৫. | মো: শহিদ রহমত কাদির<br>মহাব্যবস্থাপক (মানব সম্পদ) | সদস্য |
| ৬. | মো: লুৎফর রহমান<br>মহাব্যবস্থাপক (এমইএন্ডএল) | সদস্য |
| ৭. | ফওজিয়া তৌহিদ<br>মহাব্যবস্থাপক (কমিউনিকেশন্স) | সদস্য |

সভায় পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ছিলেন জনাব তোয়ারিক্ব ইকবাল, ব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা)।

## সভার আলোচ্যসূচী:

১. ৩১/১২/১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।
২. এসডিএফ শুদ্ধাচার পুরস্কার প্রদান।
৩. বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার এর আওতায় এসডিএফ এর ডিজিটাল আর্কিটেকচার ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ এবং ওয়েবসাইটে প্রকাশ।
৪. এসডিএফ এর এনজেএলআইপি প্রকল্পের প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন।

৫. এসডিএফ এর এনজেএলআইপি প্রকল্পের মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন।

৬. বিবিধ।

## আলোচ্যসূচী-১ :

৩১/১২/১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

### আলোচনার সারসংক্ষেপ:

**সভার** শুরুতে সভার সভাপতি, প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন গত ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এবং গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চান। এ পর্যায়ে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ ২০১৯ সনের ৩১ ডিসেম্বর এ অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এবং গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে উপস্থিত সকল সদস্যদের অবহিত করেন।

## সিদ্ধান্ত:

১. ৩০/০৬/১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যের সর্বসম্মতিক্রমে গৃহিত হয় এবং গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রশংসা করা হয়।

২. আঞ্চলিক ও জেলা পর্যায়ে নৈতিকতা কমিটি পূনর্গঠনের জন্য মহাব্যবস্থাপক, সুশাসন ও জবাবদিহিতাকে ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়।

## আলোচ্যসূচী-২ :

এসডিএফ শুদ্ধাচার পুরস্কার প্রদান ।

### আলোচনার সারসংক্ষেপ:

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন এসডিএফ শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক আলোচনার অবতারনা করেন। এ পর্যায়ে মহাব্যবস্থাপক, সুশাসন ও জবাবদিহিতা চলতি অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রদানের গুরুত্ব তুলে ধরেন এবং এ ব্যাপারে করণীয় সম্পর্কে সকলের মতামত জানতে চান। উপস্থিত সকল সদস্যের সাথে বিস্তারিত আলোচনা ও মতামত সাপেক্ষে নিম্নবর্ণিত সিদ্ধান্তে উপনীত হন।

## সিদ্ধান্ত:

এসডিএফ কর্তৃক বর্তমানে বাস্তবায়নাধীন এনজেএলআইপি প্রকল্পের ফেইজআউট কার্যক্রম বিগত নভেম্বর ২০১৯ মাসে সমাপ্ত হয় এবং প্রকল্পের সীমিত কর্মকর্তা ও কর্মচারী বর্তমানে উক্ত এলাকাগুলোতে কর্মরত রয়েছেন। তাছাড়া উল্লিখিত প্রকল্পটি ডিসেম্বর ২০২০ মাসে সমাপ্ত হবে

তবে অর্থ প্রাপ্যতা সাপেক্ষে আগামী বছর এপ্রিল মাস থেকে (সম্ভাব্য) এসডিএফ এর প্রস্তাবিত নুতন প্রকল্প চালু হওয়া সাপেক্ষে নিয়মিতভাবে প্রতি বছর শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হবে এবং অপর একটি নতুন প্রকল্প প্রস্তুতকরণের কাজ প্রক্রিয়াধীন। এমতাবস্থায় প্রত্যাশা করা হচ্ছে সবকিছু সঠিকভাবে পরিচালিত হলে আগামী জানুয়ারী ২০২১ সালে নতুন প্রকল্পের বাস্তবায়ন শুরু হবে এবং আগামী বছর শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে।

## আলোচ্যসূচী-৩ :

বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার এর আওতায় এসডিএফ এর ডিজিটাল আর্কিটেকচার ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ এবং ওয়েবসাইটে প্রকাশ।

### আলোচনার সারসংক্ষেপঃ

এ বিষয়ে আলোচনার শুরুতে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন উপস্থিত সকল সদস্যের সাথে আলোচনা করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়।

## সিদ্ধান্তঃ

বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার এর আওতায় এসডিএফ এর ডিজিটাল আর্কিটেকচার ফোকাল পয়েন্ট হিসাবে জনাব মীর আনিস উদ্দিন, সহকারী ব্যবস্থাপক, আইটি এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসাবে মোঃ সাব্বির হোসেন, অফিসার, আইটি কে মনোনীত করা হয় এবং তা ওয়েবসাইটে প্রকাশ করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়।

## আলোচ্যসূচী-৪:

এসডিএফ এর এনজেএলআইপি প্রকল্পের প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন।

### আলোচনার সারসংক্ষেপঃ

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন এ বিষয়ে উপস্থিত সকল সদস্যের সাথে আলোচনা করেন । সকলের মতামত সাপেক্ষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

## সিদ্ধান্তঃ

এসডিএফ এর এনজেএলআইপি প্রকল্পের প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি নিয়মিতভাবে মনিটর করার জন্য সকল বিভাগীয় প্রধানদের অনুরোধ করা হয়।

## আলোচ্যসূচী-৫:

এসডিএফ এর এনজেএলআইপি প্রকল্পের মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন।

**আলোচনার সারসংক্ষেপঃ**

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন এ বিষয়ে উপস্থিত সকল সদস্যের সাথে বিস্তারিত আলোচনা করেন । সকলের মতামত সাপেক্ষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্তঃ**

এসডিএফ এর এনজেএলআইপি প্রকল্পের মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি নিয়মিতভাবে মনিটর করার জন্য সকল বিভাগীয় প্রধানদের অনুরোধ করা হয়।

আলোচ্যসূচীর বিবিধ অংশে আর কোন বিষয় না থাকায় নৈতিকতা কমিটির সম্মানিত আহ্বায়ক এবং সভার সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**এ জেড এম সাখাওয়াত হোসেন**
ব্যবস্থাপনা পরিচালক
এবং
আহ্বায়ক, এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটি